



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাদক, সন্ত্রাস, র্যাগিং ও গুজবসহ নানাবিধ সাইবার অপরাধ কর্মকান্ড প্রতিরোধে আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ জানুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে মাদক, সন্ত্রাস, র্যাগিং ও গুজবসহ নানাবিধ সাইবার অপরাধ কর্মকান্ডের প্রতিরোধ বিষয়ক একটি আলোচনা সভা। ২৮ জানুয়ারি ২০২৪ তারিখ রবিবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ সভাটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিস আয়োজিত এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপাচার্য মহোদয় তাঁর বক্তব্যে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশের বিভিন্ন ক্ষেত্রে তাদের মেধার স্বাক্ষর রেখে চলেছেন। এ ধারা অব্যাহত রাখতে হলে বিশ্ববিদ্যালয়ে শিক্ষাবান্ধব পরিবেশ বজায় রাখতে হবে। মাদক, সন্ত্রাস ও র্যাগিং এর মত অপরাধগুলো একটি ক্যাম্পাসের শিক্ষার পরিবেশ বিনষ্ট করে। এগুলো যাতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশকে বিনষ্ট করতে না পারে সেজন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন সবসময় জিরো টলারেন্স নীতি অনুসরণ করে। সভায় মুখ্য আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার জিহাদুল কবির (বিপিএম-সেবা, পিপিএম)। এসময় প্রধান আলোচক শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, একাডেমিক কার্যক্রমের পাশাপাশি আপনাদের অনেক দায়িত্ব রয়েছে। বিশ্ববিদ্যালয়ের সুনাম-সুখ্যাতি নির্ভর করে আপনাদের সার্বিক কর্মকান্ডের উপর। আপনারা এমন কোন কর্মকান্ডে জড়াবেন না যাতে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ণ হয়। মাদক, সন্ত্রাস, র্যাগিং ও গুজবসহ নানাবিধ সাইবার অপরাধের মত সামাজিক ব্যাধিগুলোর বিষয়ে আপনাদেরকে সর্বদা সচেতন থাকতে হবে। এবিষয়ে তিনি বরিশাল বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) ড. হেনা রানী বিশ্বাস। বরিশাল বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. মোহাম্মদ মাহফুজ আলমের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দসহ বরিশাল মেট্রোপলিটন পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়